

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়  
প্রবাসী কল্যাণ ভবন  
৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইন্সটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০  
কর্মসংস্থান শাখা-০১  
[www.probashi.gov.bd](http://www.probashi.gov.bd)

নং-৪৯.০০৭.১০৭৩.০০.০০.১৮৯.২০১০.

তারিখ : ২১-১১-২০১৭ খ্রিঃ

বিষয় : কাতারের Teyseer Contracting Co-এর অধীনে Black Smith পদে ৩৬ (ছত্রিশ) জন, Carpenter পদে ৪১ (একচল্লিশ) জন এবং Mason পদে ৩৮ (আটত্রিশ) জনসহ সর্বমোট ৩৬+৪১+৩৮=১১৫ (একশত পনের) জন পুরুষ কর্মীর নিয়োগানুমতি প্রদান।

উপর্যুক্ত বিষয়ে রিক্রুটিং এজেন্সি আল করিম ম্যানপাওয়ার বাংলাদেশ লিঃ (আরএল-১০৭৩) এর অনুকূলে কাতারের Teyseer Contracting Co-এর অধীনে Black Smith পদে ৩৬ (ছত্রিশ) জন, Carpenter পদে ৪১ (একচল্লিশ) জন এবং Mason পদে ৩৮ (আটত্রিশ) জনসহ সর্বমোট ৩৬+৪১+৩৮=১১৫ (একশত পনের) জন পুরুষ কর্মীর নিয়োগানুমতি নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো :

কোম্পানীর নাম	পদের নাম	কর্মী সংখ্যা	বেতন (মাসিক)	অন্যান্য সুবিধাদি
Teyseer Contracting Co	Black Smith	৩৬ (ছত্রিশ) জন	১২০০ (কাতারি রিয়াল)	খাবার, বাসস্থান, যাতায়াত, চিকিৎসা, ফ্রি; চুক্তির মেয়াদ- ০২ বছর, কর্মঘন্টা-৮ ঘন্টা; বিমান ভাড়া-উভয় পথ ফ্রি; চাকুরির অন্যান্য শর্তাবলী কাতারে শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য হবে।
	Carpenter	৪১ (একচল্লিশ) জন	১২০০ (কাতারি রিয়াল)	
	Mason	৩৮ (আটত্রিশ) জন	১২০০ (কাতারি রিয়াল)	

সর্বমোট ৩৬+৪১+৩৮=১১৫ (একশত পনের) জন

শর্তাবলী :

- প্রতি ফ্লাইটে রিক্রুটিং এজেন্সির একজন প্রতিনিধি কর্মীদের সাথে কাতারে যাবেন অথবা সংশ্লিষ্ট বিমান বন্দরে কর্মীদের গ্রহণ করার জন্য রিক্রুটিং এজেন্সির একজন প্রতিনিধি আবশ্যিকভাবে উপস্থিত থাকবেন।
- প্রত্যেক গ্রুপে বাংলাদেশের কর্মীরা কাতার পৌঁছার পর রিক্রুটিং এজেন্সি অত্র মন্ত্রণালয়, বিএমইটি এবং কাতারস্থ বাংলাদেশ দূতাবাসে প্রতিবেদন দাখিল করবে।
- বহির্গমন ছাড়পত্র ইস্যু করার পূর্বে নির্বাচিত প্রত্যেক কর্মীর সাথে নিয়োগ চুক্তি স্বাক্ষর করতে হবে।
- বহির্গমন ছাড়পত্র প্রদানের পূর্বে বিএমইটিতে মূল চাহিদা পত্র/ক্ষমতা পত্র ও অন্যান্য মূল কাগজপত্র দাখিল করতে হবে। বিএমইটি প্রাসঙ্গিক তথ্যাদি ও কাগজপত্র যাচাইপূর্বক ছাড়পত্র প্রদান করবে।
- কর্মীর ভিসা এবং ফ্লাইট নিশ্চিত হওয়া সাপেক্ষে রিক্রুটিং এজেন্সি কর্তৃক অভিবাসন ব্যয় বাবদ সর্বোচ্চ ১,০০,৭৮০/- (এক লক্ষ সাতশত আশি) টাকা কর্মীর নিকট হতে চেক/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে গ্রহণ করা যাবে এবং কোনক্রমেই অতিরিক্ত অর্থ গ্রহণ করা যাবে না।
- চুক্তিপত্রের কোন শর্ত লঙ্ঘন হলে অথবা কর্মীরা সংশ্লিষ্ট কোম্পানীতে চাকুরী না পেলে অথবা কর্মীকে প্রস্তাবিত বেতন-ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধা না দেয়া হলে সংশ্লিষ্ট রিক্রুটিং এজেন্সিকে কর্মীর থাকা খাওয়ার খরচ ও প্রত্যাভিবাসন ব্যয়সহ কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত ক্ষতিপূরণ প্রদানে বাধ্য থাকবে মর্মে ৩০০/=(তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প অঙ্গীকারনামা দাখিল করতে হবে।
- চাকুরির শর্তাবলী কাতারের শ্রম আইনের বিধানের সাথে সঙ্গতিপূর্ণ হতে হবে।
- এ নিয়োগ সম্পন্ন করে অত্র মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।
- বিমান ভাড়াসহ অন্য কোন ফি প্রযোজ্য না হলে তা কর্মীর উপর বর্তাবে না।

- (এ) দক্ষতা ভিত্তিক কর্মী প্রেরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট দক্ষতার বিষয়টি পরীক্ষান্তে নিশ্চিত হয়ে Smart Card ইস্যু করতে হবে।
- (ট) মূল চাহিদাপত্র ও ক্ষমতাপত্রের Attestation-এর বিষয়টি সতর্কভাবে বিএমইটি পরীক্ষা করবেন।
- (ঠ) ১ জুলাই ২০১৭ থেকে ডাটাবেজ কার্যকর হওয়ায় ডাটাবেজ থেকে কর্মী নেয়ার বিষয়টি মহাপরিচালক (বিএমইটি) নিশ্চিত করবেন।

(ডক্টর কাজী কামরুন্নাহর)  
উপসচিব  
ফোন : ০২৪-৮৩২২৫১৯

মহাপরিচালক  
জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো  
৭১-৭২, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।

নং-৪৯.০০৭.১০৭৩.০০.০০.১৮৯.২০১০.৭৩৩

তারিখ : ২১-১১-২০১৭ খ্রিঃ

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে-

১. যুগ্মসচিব (কর্মসংস্থান), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
২. যুগ্মসচিব (মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৪. কাউন্সেলর (শ্রম), বাংলাদেশ দূতাবাস, কাতার।
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৬. ব্যবস্থাপনা পরিচালক, আল করিম ম্যানপাওয়ার বাংলাদেশ লিঃ, ১১৪/১, শান্তিনগর, ঢাকা।
৭. সহকারী প্রোগ্রামার, আইটি শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. অফিস কপি।

(ডক্টর কাজী কামরুন্নাহর)  
উপসচিব  
ফোন : ৮৩২২৫১৯